


সভায় উপস্থিতি সমানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও কমিটির সদস্য সচিব জানান যে, বর্তমানে মোটা ধান বাজারে ১০৫০/- থেকে ১১০০/- টাকায় ক্রয় বিক্রয় হচ্ছে এবং মোটা চালের বাজার দর ৪১-৪২/- টাকা। সোয়াবিন ও সরিষা তেলের দাম উর্ধ্বমুখী। বর্তমান বোতলজাত সোয়াবিন তেলের মূল্য প্রতি লিটার ১৮৫/- টাকা। আটার দাম স্থিতিশীল। মশুরীর ডাল এবং চিনির দাম উর্ধ্বমুখী। বর্তমান চিনির খুচরা মূল্য ৮০/- টাকা। পেয়াজের দাম স্বাভাবিক। প্রতি কেজি দেশী পেয়াজ ৩০/- টাকা থেকে ৩৫/- টাকায় ক্রয়-বিক্রয় হচ্ছে। বটিয়াঘাটা উপজেলায় পেয়াজের তেমন আবাদ হয় না। অন্যত্র হতে এখানকার হাট-বাজারে পেয়াজ আমদানী করা হয়। প্রকৃতির বিরূপ আচরণের জন্য উৎপাদন করে যাওয়ায় শাখ-সজি, তরিতরকারীসহ কাঁচা মরিচের দাম উর্ধ্বমুখী। এ পর্যায়ে কমিটির সমানিত সভাপতি মহোদয় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচিতে উপকারভেগীর সংখ্যা বাঢ়ালে এবং চালের পাশাপাশি আটা, তেল, চিনি সংযোজন করতে পারলে বাজার মূল্য নিয়ন্ত্রন করা সম্ভব হবে। তিনি আরো জানান যে, বাজার মূল্য যাতে নিয়ন্ত্রিত থাকে সে বিষয়ে প্রশাসনের সজাগ দৃষ্টি রাখা বিশেষ প্রয়োজন এবং করোনা মহামারীর চাপ করে গেলেও সকল ক্রেতা-বিক্রেতা যেন স্বাস্থ্য বিধি অনুসরণ করে ক্রয়-বিক্রয় করে। তাছাড়া, কোন অসাধু ব্যবসায়ী যেন ধান-চাল এবং নিত্য প্রয়োজনীয় পণ্যের মজুদজাত করে কৃতিম সংকট সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সকলের সতর্ক দৃষ্টি রাখার জন্য সভায় উপস্থিতি সদস্যবৃন্দকে পরামর্শ দেয়া হয়।

বিস্তারিত আলোচনাতে সর্বসম্মতিক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

- ১। ব্যবসায়ীগণ বাধ্যতামূলকভাবে প্রতিটি পণ্যের মূল্য তালিকা বোর্ডে লিখিত ভাবে প্রদর্শন করবেন।
- ২। কোন ভাবেই ভেজাল/মেয়াদ উত্তীর্ণ পণ্যদ্রব্য বিক্রি করবেন না। ভেজাল/মেয়াদ উত্তীর্ণ পণ্যদ্রব্য বিক্রি করতে দেখা গেলে তাৎক্ষণিকভাবে প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩। ক্রেতা-বিক্রেতারা যেন স্বাস্থ্য বিধি অনুসরণ করে ক্রয়-বিক্রয় করে সে বিষয়ে শিষ্টিক করতে হবে।
- ৪। কোন অসাধু ব্যবসায়ী যাতে পণ্যের কৃতিম সংকট সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। মনিটরিং এর সময়ে চাল, গম, আটা, ময়দা, চিনি, লবন ও ভোজ্য তেলের আমদানী, চাহিদা ও সরবরাহের সঠিক তথ্য যাচাই করবেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিতি সম্মতি সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মিতাই গাইন)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

ও
সভাপতি
বাজার মূল্য পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ কমিটি

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবহা গ্রহনের জন্য।

- ০১ | জেলা প্রশাসক, খুলনা।
- ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ০৩ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।
- ০৪ | উপজেলা নির্বাহী অফিসার বটিয়াঘাটা, খুলনা।
- ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ০৬ | চেয়ারম্যান, ০২ নং বটিয়াঘাটা/চেয়ারম্যান, ৭ নং আমিরপুর ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা।
- ০৭ | সভাপতি/সেক্রেটারি ,..... বাজার কমিটি, বটিয়াঘাটা, খুলনা।
- ০৮ | খাদ্য পরিদর্শক।
- ০৯ | দণ্ডর নথি।

~~১ মে ২০২২~~

(মোঃ জাকির হোসেন)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

বটিয়াঘাটা, খুলনা।

ও

সদস্য সচিব

বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি।

BAZAR/RE/NOT-18

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য সচিব

বাজারমূল্য পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ কমিটি।